



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

(নিয়োগ ও কল্যাণ বিভাগ)

www.badc.gov.bd



স্মারক নং-১২.০৬.০০০০.২০৮.১১.০৩১.২০.৩৭৩

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্প্লে	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ১২,৫০০-৩০,২৩০/-	৩৪	বাণিজ্য মাতক ডিপ্রি।
২	সহকারী নিরীক্ষণ কর্মকর্তা ১২,৫০০-৩০,২৩০/-	৫	বাণিজ্য মাতক ডিপ্রি।
৩	উচ্চতর গুদামরক্ষক ১২,৫০০-৩০,২৩০/-	২	মাতক ডিপ্রি
৪	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/-	৬৪	উচ্চ মাধ্যমিক সাটিফিকেটসহ প্রতি মিনিটে ইংরেজিতে কমপক্ষে ৪০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ টাইপিং গতিসম্পন্ন।

২।

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক.

২৫ নভেম্বর ২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবর্ষী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডিভিট গ্রহণযোগ্য নয়।

খ.

সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ.

নিয়োগের ক্ষেত্রে বিএডিসির প্রতিখানমালা এবং সরকারের বিদ্যমান বিধি-বিধান ও পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করতে হবে।

ঘ.

লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ.

মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া ইউনিয়ন পরিষদ/গোরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ গোরসভার মেয়ার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ.

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিবুক্তে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ.

কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হাস/বৃক্ষি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

জ.

Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান সময়সীমা ২৫ নভেম্বর ২০২১ খ্রি: সকাল ১০:০০ টা থেকে ২০ ডিসেম্বর ২০২১ খ্রি: তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত। পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা নিয়মানুসারে Teletalk pre-paid mobile নথরের মাধ্যমে জমা দিতে হবে।

ঝ.

নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা জন্য) আমন্ত্রণ জানানো হবে।

ঞ.

বিজ্ঞপ্তি পদসমূহের লিখিত পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হতে পারে।

ট.

নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ড.

Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করতে হবে।

ঢ.

এ নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদনের অন্যান্য শর্তাবলি ও ফরম পূরণকৃতি এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিএডিসির নিজস্ব ওয়েবসাইটে (www.badc.gov.bd) পাওয়া যাবে।

(মোঃ আশরাফুজ্জামান)
সচিব
বিএডিসি, ঢাকা।